## অনাতীত কাল ফি'ল এর সাথে হালকা/ভারী নুন এর ব্যবহার فعل مضارع مَعَ النون الخَفِيفَةُ وَ النون الثَّقِيلَةُ

**فعل مضارع** এর **منصوب** এবং **مجزوم** ফর্মের বাইরে আরো দুটি অতিরিক্ত ফর্ম রয়েছে :

১) জোরালো ভাব প্রকাশের জন্য **فعل مضارع** এর শেষে **النون الخفيفة** ( হালকা নুন) যুক্ত হয় ( বিষয়টি দ্বিবচন এবং স্ত্রীবাচক বহুবচন এর ক্ষেত্রে ঘটে না ) ।

২) জোরালো ভাব প্রকাশের জন্য **فعل مضارع** এর শেষে **النون الثقيلة** (ভারী নুন) যুক্ত হয়।

| النون الخفيفة ( হালকা নুন) | | |
|---|---|---|
| يَنْصُرُنْ | X | يَنْصُرَنْ |
| X | X | تَنْصُرَنْ |
| تَنْصُرُنْ | X | تَنْصُرَنْ |
| X | X | تَنْصُرِنْ |
| نَنْصُرَنْ | | أَنْصُرَنْ |

| النون الثقيلة (ভারী নুন) | | |
|---|---|---|
| يَنْصُرُنَّ | يَنْصُرَآنِّ | يَنْصُرَنَّ |
| يَنْصُرْنَآنِّ | تَنْصُرَآنِّ | تَنْصُرَنَّ |
| تَنْصُرُنَّ | تَنْصُرَآنِّ | تَنْصُرَنَّ |
| تَنْصُرْنَآنِّ | تَنْصُرَآنِّ | تَنْصُرِنَّ |
| نَنْصُرَنَّ | | أَنْصُرَنَّ |

**فعل مضارع** এর ভারী এবং সবচেয়ে ভারী ফর্মগুলোতে **لام التوكيد** ব্যবহার করা যেতে পারে। একই ভাবে না-বাধক অনাতীত কালে **لا** এর সাথে তা ব্যবহার করে জোরালো ভাব প্রকাশ করা যেতে পারে।

উদহারণ:

**وَلَنَبْلُوَنَّكُم بِشَيْءٍ مِّنَ الْخَوْفِ** ২:১৫৫ আর আমরা নিশ্চয়ই তোমাদের পরীক্ষা করবো কিছু ভয়,

وَ: استئنافية . لَنَبْلُوَنَّ: فعل مضارع مبني على الفتح لا تصاله بنون الثقيلة و الفاعل "نحن" . كُمْ: ضمير متصل في محل نصب مفعول به . بِشَيْءٍ : جار و مجرور متعلق بالخبر . مِّنَ الْخَوْفِ: جار و مجرور في محل جر صفة – نعت – لشيء.

**অনুশীলন: নীচের আয়াতগুলোতে হাইলাইটেড فعل গুলো'র فاعل কি হবে ?**

**قَالَ قَدْ أُجِيبَت دَّعْوَتُكُمَا فَاسْتَقِيمَا وَلَا تَتَّبِعَانِّ سَبِيلَ الَّذِينَ لَا يَعْلَمُونَ** ১০:৮৯ তিনি বললেন -- "তোমাদের দুজনের দোয়া ইতিমধ্যেই মঞ্জুর হল, কাজেই তোমারা উভয়ে অটল থেকো, আর তাদের পথ অনুসরণ করো না যারা জানে না।' '

**وَلَئِن سَأَلْتَهُم مَّنْ خَلَقَهُمْ لَيَقُولُنَّ اللَّهُ ۖ فَأَنَّىٰ يُؤْفَكُونَ** ৪৩:৮৭ আর তুমি যদি তাদের জিজ্ঞাসা কর -- কে তাদের সৃষ্টি করেছেন, তারা নিশ্চয়ই বলবে -- "আল্লাহ্''। তাহলে কোথায়-কেমনে তারা ফিরে যাচ্ছে!

**وَلَتَعْلَمُنَّ أَيُّنَا أَشَدُّ عَذَابًا وَأَبْقَىٰ** ২০:৭১ আর তোমরা অবশ্যই জানতে পারবে আমাদের মধ্যে কার দেওয়া শাস্তি বেশী কঠোর ও দীর্ঘস্থায়ী।

**وَتَاللَّهِ لَأَكِيدَنَّ أَصْنَامَكُم بَعْدَ أَن تُوَلُّوا مُدْبِرِينَ** ২১:৫৭ "আর আল্লাহ্‌র কসম, আমি অবশ্যই তোমাদের প্রতিমাদের সম্বন্ধে পরিকল্পনা গ্রহণ করব তোমরা যখন পিটটান দিয়ে ফিরে যাবে।''

الْحَقُّ مِن رَّبِّكَ ۖ فَلَا تَكُونَنَّ مِنَ الْمُمْتَرِينَ ২:১৪৭ এই সত্য এসেছে তোমার প্রভুর কাছ থেকে অতএব ~~তোমারা~~ তুমি সন্দেহপরায়ণদের অন্তর্ভুক্ত হয়ো না।

فَلَا يَصُدَّنَّكَ عَنْهَا مَن لَّا يُؤْمِنُ بِهَا وَاتَّبَعَ هَوَاهُ فَتَرْدَىٰ ﴿١٦﴾ ২০:১৬ "সেজন্য তোমাকে এ থেকে সে যেন না ফেরায় যে এতে বিশ্বাস করে না আর যে তার কামনার অনুবর্তী হয়, পাছে তুমি ধ্বংস হয়ে যাও।"

فَلَمَّا ذَهَبُوْا بِهٖ وَاَجْمَعُوْٓا اَنْ يَّجْعَلُوْهُ فِيْ غَيٰبَتِ الْجُبِّ ۚ وَاَوْحَيْنَآ اِلَيْهِ لَتُنَبِّئَنَّهُمْ بِاَمْرِهِمْ هٰذَا وَهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿15﴾ ১২:১৫. অতঃপর যখন তারা তাকে নিয়ে গেল এবং তাকে কূপের গভীরে ফেলে দিতে একমত হল (তখন তারা তাই করল) এবং আমি তার নিকট ওহী প্রেরণ করলাম এই মর্মে যে, 'অবশ্যই তুমি তাদেরকে (ভবিষ্যতে) তাদের এই কর্ম সম্পর্কে জানাবে, এমতাবস্থায় যে, তারা উপলব্ধি করতে পারবে না'।

ثُمَّ بَدَا لَهُمْ مِّنْۢ بَعْدِ مَا رَاَوُا الْاٰيٰتِ لَيَسْجُنُنَّهٗ حَتّٰى حِيْنٍ ﴿35﴾ ১২:৩৫. তারপর নিদর্শনসমূহ দেখার পরে তাদের কাছে স্পষ্ট হল, কিছু কাল পর্যন্ত অবশ্যই তারা তাকে কারারুদ্ধ করে রাখবে।

لَتَرَوُنَّ الْجَحِيمَ ﴿٦﴾ ثُمَّ لَتَرَوُنَّهَا عَيْنَ الْيَقِينِ ﴿٧﴾ ثُمَّ لَتُسْأَلُنَّ يَوْمَئِذٍ عَنِ النَّعِيمِ ﴿٨﴾ ১০২:৬. তোমরা অবশ্যই জাহান্নাম দেখবে, ৭. অতঃপর তোমরা তা অবশ্যই দেখবে দিব্য প্রত্যয়ে, ৮. এরপর অবশ্যই সেদিন তোমরা নেয়ামত সম্পর্কে জিজ্ঞাসিত হবে।

## কুরআনিক পর্যবেক্ষণ – তানভীন সম্বলিত ফি'ল

মৌলিক ব্যাকরণ অধ্যয়নের সময় আমরা জেনেছিলাম যে **اسم** এর শেষে **تنوين** ( দ্বিত্ত উচ্চারণ ◌ٌ ◌ٍ ◌ً ) থাকতে পারে, কিন্তু **فعل** তানভীন বহন করতে পারে না। কিন্তু কুরআন এর দুটি জায়গায় আমরা দেখতে পাই **فعل** এর শেষে **تنوين** রয়েছে. নিচে তা উল্লেখ করা হলো:

وَلَئِن لَّمْ يَفْعَلْ مَا آمُرُهُ لَيُسْجَنَنَّ وَلَيَكُونًا مِّنَ الصَّاغِرِينَ ১২:৩২ আর আমি তাকে যা আদেশ করি তা যদি সে না করে তবে সে নিশ্চিত কারারুদ্ধ হবে এবং সে হবে অবশ্যই ছোটলোকদের মধ্যেকার।' '

كَلَّا لَئِن لَّمْ يَنتَهِ لَنَسْفَعًا بِالنَّاصِيَةِ ৯৬:১৫ না, যদি সে না থামে তবে আমরা নিশ্চয় টেনে ধরব কপালের চুলের গোছা –

উপরের উদহারণগুলোতে হাইলাইটেড ফি'লগুলোতে জোরালো ভাব প্রকাশের জন্য হালকা নুন সংযুক্ত করা হয়েছে (**النون الخفيفة**)। উভয় ফি'লগুলো লেখার কথা ছিলো لَيَكُونَنْ এর لَنَسْفَعَنْ । অতএব মুসহাফে কেন তাদের তানভীন সম্বলিতভাবে লেখা হয়েছে ? এটি তাজবিদ নিয়ম এর সাথে সামঞ্জস্য রাখার জন্য করা হয়েছে, যাতে করে পাঠক এই শব্দগুলোতে কিভাবে থামতে হবে তা সহজে বুঝতে পারে। যা হউক, এটা বুঝা গেল যে এই শেষাংশগুলো **تنوين** নয়, কিন্তু **النون الخفيفة**।